গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শ্রম অধিদপ্তর
হিসাব শাখা
শ্রম ভবন, ১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা
www.dol.gov.bd

নং- ৪০.০২.০০০০.০৩২.২০.০২৩.২২- ৬২১

তারিখ: ১০ বৈশাখ ১৪৩১ ব.
২৩ এপ্রিল ২০২৪ খ্রি.

বিষয় : **শ্রম অধিদপ্তরের (১৩১০২০২) অধীন দপ্তরসমূহের ২০২৩-২৪ অর্থ-বছরের সংশোধিত বাজেট বিভাজন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শ্রম অধিদপ্তরের অধীন মোট ৫২টি দপ্তরের ২০২৩-২৪ অর্থ-বছরের ব্যয় মিটানোর জন্য অনুন্নয়ন বাজেটের প্রাতিষ্ঠানিক কোড-১৩১০২-এ (iBAS++) প্রাপ্ত মোট বরাদ্দ সংযুক্ত তালিকায় উল্লিখিত দপ্তরসমূহের অনুকূলে অর্থনৈতিক কোডে সংশোধিত বরাদ্দের বিস্তারিত বিভাজন প্রেরণ করা হলো।

২.০ দপ্তরসমূহের আয়ন-ব্যয়ন কর্মকর্তাকে এই মর্মে নির্দেশনা দেয়া যাচ্ছে যে-

(১) সরকারি ব্যয় নির্বাহের সুবিধার্থে অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-১ এর গত ০২-০৭-২০২৩ তারিখের ০৭.১০১.০২০.০০.০০.০০৯.২০২২-০১ নং পরিপত্র অনুসরণ পূর্বক **'৩২১১১১৩-বিদ্যুৎ, খাতে বরাদ্দকৃত অর্থের ৭৫%**, **'৩২৪৩১০১-পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট'** এবং **'৩২৪৩১০২-গ্যাস ও জ্বালানি'** খাতে বরাদ্দকৃত অর্থের ৮০% সংশ্লিষ্ট ইউনিট অফিসসমূহের অনুকূলে বিভাজন করা হলো অর্থাৎ সংশ্লিষ্ট দপ্তরসমূহের অনুকূলে বরাদ্দকৃত অর্থ শতভাগ (১০০%) ব্যয় করা যাবে;

(২) বিভাজনকৃত বরাদ্দ হতে গত ২০২১-২২ এবং ২০২২-২৩ অর্থ-বছরের পৌরকর, ভুমি উন্নয়ন কর, টেলিফোন, পানি, বিদ্যুৎ, গ্যাস এবং ভ্রমণ ব্যয় বিলসহ অন্যান্য বকেয়া বিল আর্থিক বিধি-বিধান অনুসরণ পূর্বক অগ্রাধিকার ভিত্তিতে পরিশোধ করতে হবে;

(৩) প্রশিক্ষণ সংক্রান্ত সামগ্রীক ব্যয় '৩২৩১৩০১-প্রশিক্ষণ' কোড হতে নির্বাহ করা যাবে এবং অর্থ বিভাগের গত ০৮ মার্চ ২০২১ খ্রি. তারিখের ০৭.০০.০০০০.১৭২.৩৩.০০৫.১৩-৫৬ নং স্মারকে উল্লিখিত শিল্প সম্পর্ক শিক্ষায়তন এবং শ্রম কল্যাণ কেন্দ্রসমূহে পরিচালিত প্রশিক্ষণ কোর্সের নির্ধারিত ব্যয় হার অনুসরণ করতে হবে;

(৪) কোন কোডে অপর্যাপ্ত বরাদ্দ থাকলে '৩২৫৫১০৫-অন্যান্য মনিহারি' কোডে বরাদ্দ থাকা সাপেক্ষে ব্যয় নির্বাহ করা যাবে;

(৫) বেতন ও ভাতাদির কোডে বরাদ্দকৃত বিভাজন ছাড়াও সংশ্লিষ্ট কোডসমুহে iBAS++ এ উল্লিখিত বরাদ্দ চূড়ান্ত বরাদ্দ হিসেবে গণ্য হবে;

(৬) প্রতি মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী পরবর্তী মাসের ০৩ কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট হিসাবরক্ষণ কর্মকর্তার দপ্তর হতে প্রত্যয়ন/প্রতিস্বাক্ষর গ্রহণ পূর্বক সদর দপ্তরে প্রেরণ এবং বাজেট সংক্রান্ত সকল তথ্যাদি আবশ্যিকভাবে Accounts Management System-এ এন্ট্রি করত: E-mail: acc.dol2018@gmail.com এ সফট কপি এবং হার্ড কপি ডাকযোগে প্রেরণ নিশ্চিত করতে হবে;

(৭) সকল ব্যয়ে কৃচ্ছ্রতা সাধন করতে হবে; এবং

(৮) অর্থবছর শেষে ০১ জুলাই তারিখের মধ্যে আয়-ব্যয়ের বিবরণীসহ সমর্পণ প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।

৩.০ এ বরাদ্দ ১ জুলাই ২০২৩ খ্রিঃ তারিখ হতে কার্যকর হবে।

সংযুক্তি: বর্ণনামতে ২৯ (উনত্রিশ) পৃষ্ঠা।

২৩/০৪/২০২৪

(মো: তরিকুল আলম)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ২২২৬৬৬৩৫০১
e-mail: dg@dol.gov.bd

**বিতরণ** : (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

০১। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
০২-০৬। পরিচালক, বিভাগীয় শ্রম দপ্তর, ঢাকা / চট্টগ্রাম / খুলনা / রাজশাহী / নারায়ণগঞ্জ।
০৭। পরিচালক, শিল্প সম্পর্ক শিক্ষায়তন, টংগী, গাজীপুর।
০৮-১২। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, চট্টগ্রাম / খুলনা / রাজশাহী / বরিশাল / সিলেট।
১৩। উপ-পরিচালক, বিভাগীয় শ্রম দপ্তর, শ্রীমঙ্গল।
১৪-১৬। উপ-পরিচালক, শিল্প সম্পর্ক শিক্ষায়তন, চট্টগ্রাম / খুলনা / রাজশাহী।
১৭-২৫। উপ-পরিচালক, আঞ্চলিক শ্রম দপ্তর, বগুড়া / ময়মনসিংহ / সিলেট / কুমিল্লা / কুষ্টিয়া / বরিশাল / ফরিদপুর / রংপুর / দিনাজপুর।

২৬-৩৫। সিনিয়র মেডিকেল অফিসার, শ্রম কল্যাণ কেন্দ্র, তেজগাঁও, ঢাকা / টংগী, গাজীপুর / চাষাড়া, নারায়ণগঞ্জ / বন্দর, নারায়ণগঞ্জ / শাটিরপাড়া, নরসিংদী / ঘোড়াশাল, পলাশ, নরসিংদী / ষোলশহর, চট্টগ্রাম / কালুরঘাট, চট্টগ্রাম / খালিশপুর, খুলনা / শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

৩৬-৫০। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, জেলা হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়, নারায়ণগঞ্জ / গাজীপুর / বগুড়া / ময়মনসিংহ / কুমিল্লা / কুষ্টিয়া / ফরিদপুর / রংপুর / দিনাজপুর / নরসিংদী / চাঁদপুর / সিরাজগঞ্জ / গাইবান্ধা / লালমনিরহাট / রাঙ্গামাটি।

৫১-৭২। মেডিকেল অফিসার, শ্রম কল্যাণ কেন্দ্র , আশুগঞ্জ / সরিষাবাড়ী, জামালপুর / চাঁদপুর / চৌমুহনী, নোয়াখালী / রূপসা, খুলনা / মংলা / কুষ্টিয়া / বরিশাল / সপুরা, রাজশাহী / বগুড়া / সিরাজগঞ্জ / সৈয়দপুর, নীলফামারী / গাইবান্ধা / লালমনিরহাট / খাগড়া, রাঙ্গামাটি / ফুঁসকুরী, শ্রীমঙ্গল, মৌলভীবাজার / পাত্রখোলা, কমলগঞ্জ, মৌলভীবাজার / লোহাইউনি, কুলাউড়া, মৌলভীবাজার / কাপনাপাহাড়, জুরি, কুলাউড়া, মৌলভীবাজার / শমসেরনগর, কমলগঞ্জ, মৌলভীবাজার / চন্ডিছড়া, চুনারুঘাট, হবিগঞ্জ / চিকনাগুল, জৈন্তাপুর, সিলেট।

৭৩-৮৫। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়, বন্দর / পলাশ / শ্রীমঙ্গল / আশুগঞ্জ / সরিষাবাড়ী / মংলা / সৈয়দপুর / কমলগঞ্জ / চুনারুঘাট / কুলাউড়া / জুড়ি / জৈন্তাপুর / বেগমগঞ্জ।

নং- ৪০.০২.০০০০.০৩২.২০.০২৩.২২- ৫২৭/১(৫)

তারিখ: ১০ বৈশাখ ১৪৩১ ব. / ২৩ এপ্রিল ২০২৪ খ্রি.

**অনুলিপি :** (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

০১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।

০২। উপসচিব (বাজেট), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।

০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৪। সহকারী পরিচালক (আইসিটি), শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৫। অফিস কপি।

২৩/৪/২০২৪

(মোঃ বেল্লাল হোসেন শেখ)
পরিচালক (প্রশাসন, হিসাব ও সাধারণ)
ফোন : ০২-২২৬৬৬৩৫০১